



## বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

Bangabandhu Sheikh Mujib Medical University

শাহবাগ, ঢাকা - ১০০০।


নং-বিএসএমএমইউ/২০২৩/১২৮৮৯

তারিখঃ ১৬/১০/২০২৩ ইং

### ক্যাথল্যাব ০২ এর অকেজো এনজিওগ্রাম মেশিন বিক্রয় বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কার্ডিওলজী বিভাগের ক্যাথল্যাব ০২ এর অকেজো এনজিওগ্রাম মেশিন এক্সিসরিজ সহ (কমিটি কর্তৃক কনডেমকৃত) মডেল Axiom Artis dFc, Brand:Siemens, Country of origin:Germany বিক্রয়ের নিমিত্তে নির্ভরযোগ্য প্রকৃত ব্যবসায়ী/ ঠিকাদার/সরবরাহকারীদের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র দাখিলকারীগণ সকল কর্ম দিবসে অফিস সময় (সকাল ৮:৩০ হতে দুপুর ২:০০ টা পর্যন্ত) এই বিশ্ববিদ্যালয়ের পরিচালক (হাসপাতাল) কার্যালয়, কক্ষ নং, ১০৩, সি-ব্লক, নীচতলা হতে আগামী ২১ / ১০ / ২০২৩ ইং তারিখ থেকে ০৭ / ১১ / ২০২৩ ইং তারিখ পর্যন্ত সিডিউল ক্রয় করতে পারবেন। সিডিউল ক্রয়ের ক্ষেত্রে বিএসএমএমইউ নিজস্ব তহবিল, হিসাব নং ৩৬-৭, পূবালী ব্যাংক লিমিটেড, শাহবাগ এভিনিউ শাখায় ৩,০০০/- (তিন হাজার টাকা) মাত্র অফেরতযোগ্য নগদ জমা প্রদান করে জমা স্লিপ প্রদান সাপেক্ষে (ছুটির দিন ব্যতীত) প্রতিসেট সিডিউল পাওয়া যাবে। সংশ্লিষ্ট কমিটি কর্তৃক কনডেমকৃত ক্যাথল্যাব ০২ এর অকেজো এনজিওগ্রাম মেশিনটি এক্সিসরিজ সহ প্রত্যহ সকাল ৮:৩০ হতে দুপুর ১:০০ টা পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) সরেজমিনে দেখা যাবে। দরপত্রের সাথে আর্নেস্টম্যানি হিসেবে দাখিলকৃত মোট মূল্যের ৫% (ফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার যে কোন তফসিলি ব্যাংক হতে প্রো-ভিসি (প্রশাসন) ও সভাপতি, সংশ্লিষ্ট কমিটি, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা এর অনুকূলে জমা দিতে হবে। দরপত্র সিডিউলে বর্ণিত শর্তসমূহ যথাযথ পালনীয় - অন্যথায় দরপত্র কার্যকরী বিবেচিত হবেনা। আগামী ০৯/ ১১ / ২০২৩ ইং তারিখ, সকাল ৯:০০টা থেকে দুপুর ১২:০০ টার মধ্যে মিলন হলের এক্সটেনশন কক্ষে রক্ষিত টেন্ডার বক্সে সীলগালাকৃত খামে দরপত্র দাখিল করা যাবে এবং একই দিনে দুপুর ১২:১৫ টার সময় কার্ডিওলজী বিভাগের ক্যাথল্যাব ০২ এর অকেজো এনজিওগ্রাম মেশিন বিক্রির লক্ষে গঠিত কমিটির সভায় দরদাতা অথবা তাদের প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র যে কোন পর্যায়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

  
16.10.23

(অধ্যাপক ডাঃ হুয়েফ উদ্দিন আহমেদ)

প্রো-ভাইস- চ্যান্সেলর (প্রশাসন) ও সভাপতি

ক্যাথল্যাব ০২ এর অকেজো এনজিওগ্রাম মেশিন

বিক্রির লক্ষে গঠিত কমিটি, বিএসএমএমইউ, ঢাকা।